গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা- ০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০৯১.০১৪.০০.০০.০১.২০১২(অংশ-০২)- ৩৭৬ তারিখঃ ০৪ চৈত্র, ১৪২৪ বাং
২১ মার্চ, ২০১৮ ইং

**বিষয়ঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণায়ের ওয়েব সাইটে প্রকাশিত প্রমানক ও প্রত্যয়ন সংক্রান্ত পরিপত্রের আলোকে যাচাইপূর্বক প্রত্যয়ন প্রসংগে।**

সূত্রঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪(অংশ-০১)-২০১৮/২০৯; তারিখঃ ০৫-০৩-২০১৮ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রভুক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণায়ের ওয়েব সাইটে প্রকাশিত প্রমানক ও প্রত্যয়ন সংক্রান্ত পরিপত্র যথাযথভাবে অনুসরণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রেরিত পরিপত্রটি নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো ।

**সংযুক্তিঃ** পরিপত্র ০১ কপি কপি। ।

(মোহাম্মদ সেলিম হোসেন)
সহকারী প্রধান
ফোন নং- ৯৫৬৯৬৩৬।

**বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-**

০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
০২। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
০৩। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।

**অনুলিপিঃ**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্ম-সচিব (ক্রীড়া)/(যুব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.৩৭.২২২.১৫- ২২৪ তারিখঃ ২৯/০৩/২০১৮ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। পরিচালক/প্রকল্প পরিচালক..........................(সকল),যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
০৩। উপ-পরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর,.........................................(সকল),জেলা।
০৪। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
০৫। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর,যুব প্রশিক্ষণ কেন্দ্র,যুউঅ...........(সকল),জেলা।
০৬। কম্পিউটার প্রোগ্রামার,যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।তাকে বর্ণিত নির্দেশনাটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,যুব উন্নয়ন অধিদপ্তর,................(সকল)উপজেলা..............জেলা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯। অফিস কপি।

তাঁর অধীনস্থ কর্মকর্তা-গণকে পত্রের ছায়ালিপি-তে বর্ণিত নির্দেশনা সমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মরিয়ম আক্তার)
সহকারী পরিচালক(প্রশাসন)
ফোন-৯৫৬০৭৫৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪ (অংশ-১).২০১৮/২০৭

তারিখঃ ২১ ফাল্গুন, ১৪২৪
০৫ মার্চ,২০১৮

বিষয়ঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website- এ প্রকাশিত প্রমাণক ও প্রত্যয়ন সংক্রান্ত পরিপত্রের আলোকে যাচাইপূর্বক প্রত্যয়ন প্রসঙ্গে।

সূত্রঃ ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭-৭৭২; তারিখঃ ১৯.০৬.২০১৭।
খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১১০.০০.০৫৯.০৯-১১৩৮; তারিখ-১৯.০৭.২০১৭।
গ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭-২৫; তারিখঃ ১৭.০১.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ,ভর্তি ও পিআরএল সংক্রান্ত বিষয়ে মুক্তিযোদ্ধাদের প্রমাণকসমূহ যাচাইপূর্বক প্রত্যয়ন প্রদান কার্যক্রম দ্রুত ও সহজতর করার লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website (www.molwa.gov.bd) এ প্রকাশিত প্রমাণক (লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট) এর আলোকে এ মন্ত্রণালয় হতে সূত্রোক্ত (ক) ও (গ) স্মারক পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্র বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রোক্ত (খ) স্মারকে নির্দেশনা প্রদান করে (কপি সংযুক্ত)। কিন্তু উক্ত পরিপত্র/আদেশ বিভিন্ন কার্যালয়/মাঠ পর্যায়ে যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না মর্মে গোচরীভূত হয়েছে। সূত্রের আলোকে এখন থেকে Website-এ প্রকাশিত তালিকা অনুসারেই চাকুরিতে নিয়োগসহ অন্যান্য সুযোগ সুবিধাদি প্রাপ্য হবেন। সনদ ও গেজেট প্রয়োজন হবে না।

২। বর্ণিত অবস্থায়, সূত্রোক্ত পরিপত্র/স্মারক যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বা:/
তাং-৫/৩/২০১৮
(মো: সলিমুল্লাহ)
যুগ্মসচিব (গেজেট,সনদ ও প্রত্যয়ন)
ফোন-৯৫৫০১৪৯

স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪ (অংশ-১).২০১৮/২০৭ তারিখ: ০৫ মার্চ ২০১৮।

বিতরণ (জ্যেষ্ঠতারক্রমানুসারেনয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা/মুখ্যসচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়,পুরাতন সংসদ ভবন,তেজগাঁও,ঢাকা।
২. সিনিয়রসচিব/ মহাপুলিশ পরিদর্শক/সচিব/ভারপ্রাপ্তসচিব (সকলমন্ত্রণালয়/বিভাগ),..................... বাংলাদেশ সচিবালয়/বাংলাদেশ পুলিশ সদর দপ্তর,ঢাকা-(তাঁর অধিনস্থসংশ্লিষ্টসকলদপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয়কমিশনার .......................................(সকল) –(সংশ্লিষ্টদপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৪. যুগ্ম সচিব (আইসিটি সেল),মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রণালয়,ঢাকা,(পত্রটি মন্ত্রণালয়ের Website- এ প্রকাশ করার অনুরোধসহ)।
৫. মন্ত্রী মহোদয়েরএকান্তসচিব (যুগ্মসচিব),মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতিরজন্য।
৬. জেলা প্রশাসক/পুলিশ সুপার .......................................(সকল)–(সংশ্লিষ্টদপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সচিবমহোদয়েরএকান্তসচিব,মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রণালয়,ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিসকপি

যুগ্ম-সচিবের দপ্তর

(মোস্তাক আহমেদ)
সহকারী সচিব
ফোন-৯৫৭৫৪৭৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৪ / ১৯ জুন, ২০১৭

# পরিপত্র

বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website-এ প্রকাশিত প্রমাণক (লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট) এর আলোকে যাচাই পূর্বক প্রত্যয়ন।

বিভিন্ন মন্ত্রণালয়, প্রতিষ্ঠান, সংস্থা, বিশ্ববিদ্যালয় থেকে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ,ভর্তি ও PRL সংক্রান্ত বিষয়ে প্রেরিত প্রমাণকসমূহ যাচাই বাছাই পূর্বক প্রত্যয়ন প্রদানের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ইতোমধ্যে এ মন্ত্রণালয়ে ব্যাপক সংখ্যক মুক্তিযোদ্ধার প্রমাণক যাচাই বাছাই এর অপেক্ষায় আছে। এ ব্যাপক সংখ্যক মুক্তিযোদ্ধার সনদ যাচাই বাছাই সম্পন্ন করণের জন্য যথেষ্ট সময় প্রয়োজন। মুক্তিযোদ্ধা গণকর্মচারীদের বয়স বৃদ্ধিসহ বিভিন্ন পদের বিপরীতে সুপারিশপ্রাপ্ত চাকরি প্রত্যাশী,বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সুপারিশকৃত ভর্তিচ্ছুক প্রার্থীরা বিভিন্ন সময়ে এ মন্ত্রণালয়ে এসে তাঁদের সনদ প্রত্যয়নের বিষয়ে তাগাদা দিচ্ছেন। কিন্তু জনবলের অভাবে তা দ্রুততার সাথে নিষ্পন্ন করা সম্ভব হচ্ছে না।

০২। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ,ভর্তি ও PRL সংক্রান্ত তথ্য যাচাই এর বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে নিম্নে বর্ণিত নির্দেশনাবলী জারী করা হলঃ-

ক) কোন মুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবার্তা অথবা ভারতীয় তালিকায় থাকলে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website (www.molwa.gov.bd)- এ প্রকাশিত লালমুক্তিবার্তা অথবা ভারতীয় তালিকার সাথে তা মিলিয়ে নেবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত লাল মুক্তিবার্তা কিংবা ভারতীয় তালিকা কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম, ঠিকানা সঠিক পাওয়া গেলে তা গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে। তবে এ ক্ষেত্রে তাঁর বয়স ৩০.১১.১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১৩ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সঠিকতার পাশাপাশি বয়স প্রত্যাশিত পর্যায়ের হলে, সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় তাঁকে মুক্তিযোদ্ধা গণ্য করে সংশ্লিষ্ট প্রার্থীকে আইনানুগভাবে নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে পারবে। আরো উল্লেখ থাকে যে, কোন প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত লাল মুক্তিবার্তা কিংবা ভারতীয় তালিকা কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিক পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তাঁর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত মুক্তিযুধ্ব বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিখিত পত্র প্রেরণ করবে। তৎপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করলে সে মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

খ) কোন মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকা কিংবা লাল মুক্তিবার্তায় না থাকা সত্বেও যদি তাঁর অনুকূলে

i) গেজেট ও সাময়িক সনদ
কিংবা
ii) গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদ (বামুস)
কিংবা
iii) গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ থাকে

তবে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত গেজেট,সাময়িক সনদ/বামুস সনদ এর সাথে তা মিলিয়ে নেবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/ গেজেট ও বামুস সনদ /গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম, ঠিকানা সঠিক পাওয়া গেলে তা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। তবে এ ক্ষেত্রে তাঁর বয়স ৩০.১১.১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১৩ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সঠিকতার পাশাপাশি বয়স প্রত্যাশিত পর্যায়ের হলে, সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় তাঁকে মুক্তিযোদ্ধা গণ্য করে সংশ্লিষ্ট প্রার্থীকে অস্থামী নিয়োগ প্রদান করতে পারবে। তবে এ জাতীয় গেজেট ও সনদ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই বাছাই এর আওতাধীন থাকায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ মর্মে অঙ্গিকারনামা গ্রহণ করবে যে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তাঁর অস্থায়ী নিয়োগ বাতিল হবে এবং তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যার্পণ করতে বাধ্য থাকবেন। আরো উল্লেখ থাকে যে, কোন প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/ গেজেট ও বামুস সনদ /গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিক পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তাঁর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিখিত পত্র প্রেরণ করবে। তৎপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রার্থীর

নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করলে সে মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

উল্লেখ্য, যাচাই শেষে মুক্তিযোদ্ধাদের সঠিক তালিকা সম্বলিত চূড়ান্ত গেজেট মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশ করা হবে। প্রকাশিত গেজেটের ভিত্তিতেই কোন চাকরি প্রার্থীর অনুকূলে অস্থায়ীভাবে প্রদানকৃত নিয়োগ নিয়মিত করা যাবে।

গ) কোন মুক্তিযোদ্ধার নাম লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকায় নেই, কিন্তু তাঁর অনুকূলে শুধুমাত্র-

i) গেজেট
কিংবা
ii) সাময়িক সনদ
কিংবা
iii) বামুস সনদ
কিংবা
iv) সাময়িক সনদ ও বামুস সনদ

থাকলেও তাঁকে নিয়োগ করা যাবে না। তবে তাঁর নাম গেজেটসহ উপরিউক্ত (গ) এর (ii), (iii), (iv) এর যে কোন একটি প্রমাণক থাকলে অনুচ্ছেদ ২ (খ) মোতাবেক অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে।

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় যে কোন নিয়োগের তালিকা সংযুক্ত ছকে নিয়োগকারী কর্তৃপক্ষ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

ঙ) অনুচ্ছেদ ২ এর ক, খ, গ ও ঘ এ বর্ণিত নির্দেশনার বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে সে বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে মতামত/প্রত্যয়ন গ্রহণ করা যেতে পারে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হল।

স্বা:

(মো: সলিমুল্লাহ)
তাং: ১৯.০৬.২০১৭
যুগ্মসচিব (গেজেট, সনদ ও প্রত্যয়ন)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
ফোন-০২-৯৫৫০১৪৯

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৪ / ১৯ জুন, ২০১৭

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২(১৪০)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)............................................ বাংলাদেশ সচিবালয়, ঢাকা-(মন্ত্রণালয়ের অধিনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয় কমিশনার ...................... ...................(সকল) –(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (আইসিটি সেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের website এ প্রকাশ করার অনুরোধসহ)।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. জেলা প্রশাসক ............................................(সকল)–(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিস কপি।

১৯/০৬/২০১৭

(মোঃ রফিকুল হক)
সিনিয়র সহকারী সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
ইমেইলঃ sasattestration@molwa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারী পরিবহণ পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক,ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)

স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫

তারিখ: ০৪ মাঘ, ১৪২৪ / ১৭ জানুয়ারি,২০১৮

## সংশোধিত পরিপত্র

বিষয় : পরিপত্রের সংশোধন।

এ মন্ত্রণালয়ের ১৯ জুন ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ স্মারকে প্রকাশিত পরিপত্রের অনুচ্ছেদ ০২ এর ক. ৩ (খ) এ উল্লিখিত মুক্তিযোদ্ধার বয়স '৩০.১১.১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১৩ বছর হতে হবে' এর স্থলে '৩০.১১.১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১২ বছর ০৬ মাস হতে হবে' মর্মে প্রতিস্থাপন করা হলো।

২. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সংশোধিত পরিপত্র জারি করা হলো।

স্বা:

(মো: সলিমুল্লাহ)
তাং: ১৭.০১.২০১৮
যুগ্মসচিব (গেজেট, সনদ ও প্রত্যয়ন)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
ফোন-০২-৯৫৫০১৪৯

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-২৫

তারিখঃ ০৪ মাঘ, ১৪২৪ / ১৭ জানুয়ারি, ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা/মুখ্য সচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়,পুরাতন সংসদ ভবন,তেজগাঁও,ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ),............................................... বাংলাদেশ সচিবালয়,ঢাকা-(মন্ত্রণালয়ের অধীনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয় কমিশনার ........................................(সকল) –(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের website এ প্রকাশ করার অনুরোধসহ)।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. জেলা প্রশাসক ........................................(সকল)–(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)
৭. উপসচিব (গেজেট অধিশাখা) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব,মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. অফিস কপি

([illegible])
সিনিয়র সহকারী সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
ইমেইলঃ sasaifestal [illegible]@molwa.gov.bd

একই নম্বর ও তারিখ সম্বলিত স্মারকের স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
(www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৫৯.০৯-১১৩৮ তারিখঃ ০৪ শ্রাবণ ১৪২৪ ব. / ১৯ জুলাই ২০১৭ খ্রি.

বিষয়ঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website-এ প্রকাশিত প্রমাণক (লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট) এর আলোকে যাচাই পূর্বক প্রত্যয়ন

সূত্রঃ ১) ৪৮.০০.০০০০.০০২.১০.২৪২৬.২০১৭/৭৯৩, তারিখঃ ২১.০৬.২০১৭ খ্রি.।
২) ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/৭৭২, তারিখঃ ১৯.০৬.২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের বরাতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং পরিপত্র মোতাবেক মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ, ভর্তি ও PRL সংক্রান্ত বিষয়ে মুক্তিযোদ্ধাদের তথ্যাবলী যাচাইপূর্বক প্রত্যয়নের কার্যক্রম মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিবর্তে স্ব-স্ব প্রশাসনিক মন্ত্রণালয়/অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা ও বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্পন্ন করার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জারিকৃত পরিপত্র নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০৪ (চার) পাতা।

(মোঃ মশিউর রহমান)
উপসচিব
ফোন-৯৫৪০২১৮
admínint@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা//মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব..............................................................................................মন্ত্রণালয়/বিভাগ (অধীন দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/রেক্টর, বিসিএস (প্রশাসন) একাডেমী, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
৮. মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৯. কমিশনার...........................................................বিভাগ (সকল)।
১০. জেলা প্রশাসক ..............................................................জেলা (সকল)।
১১. তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১২. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিপত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. অফিস কপি/মাস্টার ফাইল/গার্ড ফাইল।

D:\sharmin\Sharmin sultana\Letter\Letter of forwarding.doc